



খুলনা পানি সরবরাহ ও
পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
Khulna Water Supply & Sewerage Authority

৭নং রুজভেন্ট জেটিঘাট রোড (জোড়াগেট নিকটবর্তী), খালিশপুর, খুলনা-৯০০০।




"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৮.০৭.০০০০০.০০০৭. ০১৬. ০৩৩. ১৭. ১১৮

তারিখ : ১৬/০৮/২০২১

বিষয়ঃ খুলনা ওয়াসার ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর আওতাধীন "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২" এর কর্মসম্পাদন ক্ষেত্র [১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ-এর কার্যক্রম ১.৪ অনুযায়ী খুলনা ওয়াসার ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি পর্যালোচনার লক্ষ্যে আগামী ১৯/৮/২০২১ তারিখে সকাল ১১.৩০ ঘটিকায় খুলনা ওয়াসার সভাকক্ষে (কক্ষ নং ৩০১) খুলনা ওয়াসার এপিএ টিম, নৈতিকতা কমিটি ও ইনোভেশন/সেবা সহজিকরণ টিমের সদস্যগণের উপস্থিতিতে একটি সভা আহ্বান করা হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তাদের যথাসময়ে সভায় অংশগ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।


(কানিজ ফাতেমা তানিয়া)
উপসচিব
সচিব, খুলনা ওয়াসা।

অনুলিপিঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা।
- ২। উপব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল), খুলনা ওয়াসা।
- ৩। খুলনা ওয়াসার এপিএ টিমের সদস্যবৃন্দ।
- ৪। খুলনা ওয়াসার নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ।
- ৫। খুলনা ওয়াসার ইনোভেশন/সেবা সহজিকরণ টিমের সদস্যবৃন্দ।
- ৬। সহকারি প্রোগ্রামার, খুলনা ওয়াসা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

১৬৭

খুলনা ওয়াসার ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আব্দুল্লাহ পি.ইঞ্জ, ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা, খুলনা।
স্থান : সভাকক্ষ, খুলনা ওয়াসা, খুলনা।
সভার তারিখ : ১৯ আগস্ট ২০২১ খ্রিঃ।
সময় : সকাল ১১:৩০ মিঃ
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকাঃ পরিশিষ্ট- “ক” দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উপস্থিত সকল সদস্যদের অবগতির জন্য উল্লেখ করেন যে, খুলনা ওয়াসায় বিগত ২০১৫-১৬ অর্থ-বছর হতে ধারাবাহিকভাবে সেবা সহজিকরণ কার্যক্রম চলমান আছে। বিগত অর্থ-বছরসমূহে গৃহিত সেবা সহজিকরণ কার্যক্রম সম্পর্কে নিম্নলিখিত তালিকা সভায় উপস্থাপন করা হয়ঃ

অর্থ-বছর	সহজিকৃত সেবাসমূহের নাম
২০১৫-১৬	১। গ্রাহকের পানির সংযোগ প্রদান ৩০ কর্মদিবস হতে হ্রাস করে ২০ কর্মদিবস প্রবর্তনকরণ।
২০১৬-১৭	১। পানির গ্রাহক সংযোগের পর গ্রাহকের বিল ৫০ দিনের মধ্যে তাদের নিকট পৌঁছানো। ২। গ্রাহকের নাম/মালিকানা পরিবর্তন ১৫ দিনের মধ্যে নিষ্পত্তিকরণ। ৩। অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের প্রাপ্য আনুতোষিক ৪৫ দিনের মধ্যে নিষ্পত্তিকরণ।
২০১৭-১৮	১। ১৫ কর্মদিবসের মধ্যে গ্রাহকদের পানির নতুন সংযোগ প্রদান। ২। কর্মকর্তা/কর্মচারি কর্তৃক জরুরি কাজে গৃহিত অগ্রিম ২৫ কর্মদিবসের মধ্যে অগ্রিম সমন্বয়করণ। ৩। পানির গ্রাহক সংযোগের পর গ্রাহকের বিল ৪৫ দিনের মধ্যে তাদের নিকট পৌঁছানো।
২০১৮-১৯	১। অনধিক ৩ কর্মদিবসের মধ্যে GPF অগ্রিম প্রদান। ২। অনধিক ২ কর্মদিবসের মধ্যে নির্ধারিত মূল্যে বিভিন্ন দপ্তরে খাবার পানি সরবরাহ। ৩। কর্মকর্তা/কর্মচারি কর্তৃক জরুরি কাজে গৃহিত অগ্রিম ২০ কর্মদিবসের মধ্যে অগ্রিম সমন্বয়করণ।
২০১৯-২০	DMA বাস্তবায়নের মাধ্যমে পানি সরবরাহ।
২০২০-২১	গ্রাহকের মিটার চুরির প্রেক্ষিতে মিটার প্রতিস্থাপনজনিত প্রক্রিয়া সহজিকরণ

অতঃপর সভাপতি সভায় উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে গ্রাহকের পানির সংযোগ প্রদান, গ্রাহকের নাম/মালিকানা পরিবর্তন অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের প্রাপ্য আনুতোষিক প্রদান, পানির গ্রাহক সংযোগের পর গ্রাহকের বিল পৌঁছানো, অগ্রিম সমন্বয়করণ ইত্যাদি বিষয়ে বর্তমান প্রচলিত পদ্ধতি সম্পর্কে অবগত করতে অনুরোধ জানালে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উল্লেখ করেন যে, আলোচ্য সেবাসমূহ সহজিকৃত পদ্ধতিতেই বর্তমানে প্রদান করা হচ্ছে।

৯৩


২৬৮

পরবর্তীতে সভাপতি সভায় খুলনা ওয়াসার বিগত অর্থ-বছরসমূহে গৃহিত ইনোভেশন/ডিজিটাল সেবা কার্যক্রম সম্পর্কে নিম্নলিখিত তালিকা সভায় উপস্থাপন করেনঃ

অর্থ-বছর	ইনোভেশন / ডিজিটাল সেবা কার্যক্রমের নাম
২০১৬-১৭	১। ১টি উৎপাদক নলকূপে SCADA (Supervisory Control and Data Acquisition) সফটওয়্যার প্রবর্তন। ২। খুলনা ওয়াসায় “এক-পে” এর মাধ্যমে অনলাইন পানির বিল গ্রহণ চালুকরণ।
২০১৭-১৮	১। ১টি উৎপাদক নলকূপে AMR (Automated Meter Reading) পদ্ধতি বাস্তবায়ন। ২। পে-রোল ম্যানেজমেন্ট সিস্টেম (PMIS) প্রবর্তন।
২০১৮-১৯	১। অনলাইনে পানির সংযোগ লাইনের লিকেজ সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ। ২। অনলাইনে সম্মানিত গ্রাহকদের পানির বিল সম্পর্কিত তথ্য প্রদান।
২০১৯-২০	১। AMR (Automated Meter Reading) এর মাধ্যমে গ্রাহকবৃন্দের মিটার রিডিং সংগ্রহ (পাইলটিং)। ২। DMA (District Metered Area) বাস্তবায়নের মাধ্যমে পানি সরবরাহকরণ।
২০২০-২১	Smart Meter reading Apps এর মাধ্যমে গ্রাহকবৃন্দের সঠিক মিটার রিডিং সংগ্রহ নিশ্চিতকরণ।

অতঃপর সভাপতি সভায় উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আলোচ্য বিষয়ে বর্তমান প্রচলিত পদ্ধতি সম্পর্কে অবগত করতে অনুরোধ জানালে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ জানান যে, বর্তমানে অনলাইনে জি-পে, শিওর ক্যাশ, রকেট, বিকাশ, নগদ, এক-পে ইত্যাদি মাধ্যমে অনলাইনে গ্রাহকের বিল গ্রহণ করা হচ্ছে। এছাড়াও খুলনা ওয়াসা ভবন পাম্প SCADA সফটওয়্যার এর মাধ্যমে পরিচালনা করা হচ্ছে এবং অনলাইনে পানির সংযোগ লাইনের লিকেজ সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ কার্যক্রম এবং পানির বিলের তথ্য প্রদান কার্যক্রম চলমান আছে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আলোচ্য বিষয়ে সম্যক অবগত হয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৪/৮/২০২১
(মোঃ আব্দুল্লাহ, পিইজ)
ব্যবস্থাপনা পরিচালক
খুলনা ওয়াসা, খুলনা।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল:

০১. উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন), খুলনা ওয়াসা, খুলনা।
০২. উপব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল), খুলনা ওয়াসা, খুলনা।
০৩. এপিএ টিমের সকল সদস্য, খুলনা ওয়াসা, খুলনা।
০৪. ইনোভেশন টিমের সকল সদস্য, খুলনা ওয়াসা, খুলনা।
০৫. নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, খুলনা ওয়াসা, খুলনা।